

## এক হাজার বেকার যুবককে চাকরি দেবে বিজিএমইএ

কর্মসংস্থান মেলা কাল

| প্রকাশ : ১৭ মার্চ, ২০১৭ ০০:০০:০০



এক হাজার বেকার যুবককে চাকরি দেবে তৈরি পোশাক শিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ। আগ্রহী চাকরিপ্রত্যাশীদের প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। ‘স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেইপ)’ শীর্ষক প্রকল্পের আওতায় নির্বাচিতদের এ চাকরি দেয়া হবে। রাজধানীর কারওয়ান বাজারের সংগঠনের কার্যালয়ে বৃহস্পতিবার আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমান। এ সময় সংগঠনের সহ-সভাপতি ফারুক হাসান, মোহাম্মদ নাসির প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, পোশাক তৈরিতে প্রশিক্ষণপ্রাপ্তদের চাকরি দেয়ার উদ্দেশ্যে আগামীকাল শনিবার দিনব্যাপী এক ‘কর্মসংস্থান মেলা’ অনুষ্ঠিত হবে।

সকাল সাড়ে ১০টায় বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারের ২ নম্বর হলে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ দিনব্যাপী এ কর্মসংস্থান মেলার উদ্বোধন করবেন। এছাড়াও বেলা সাড়ে ১১টায় ‘দক্ষতা ঘাটতির পূরণ হতে পারে উন্নয়নের চাবিকাঠি’ শীর্ষক একটি সেমিনারও অনুষ্ঠিত হবে। মেলা সম্পর্কে বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমান জানান, পোশাক শিল্পের ইতিহাসে এই প্রথম এত বড় পরিসরে কর্মসংস্থান মেলার আয়োজন করা হচ্ছে। যেখানে প্রায় ৪০টি বড় শিল্পপ্রতিষ্ঠান অংশ নেবে। মেলায় শ্রমিক এবং ম্যানেজমেন্ট ট্রেইনিরা উপস্থিত থাকবেন। তিনি বলেন, ২০২১ সালের মধ্যে পোশাক শিল্পে ৫০ বিলিয়ন ডলার রফতানি এবং এ সময়ের মধ্য বিশ্বে প্রিমিয়াম ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠা পেতে যে চ্যালেঞ্জ নিয়েছি, তা সফল করার সক্ষমতা পোশাক শিল্পের রয়েছে। দেশের বিশাল জনশক্তির দক্ষতার উন্নয়নে সরকারের নেয়া বিভিন্ন পদক্ষেপের অংশ হিসেবে এডিবি ও এসডিসির সহযোগিতায় অর্থমন্ত্রণালয়ের নেয়া ‘স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম বা সিপ’ অন্যতম। এ প্রকল্পে নয়টি বাণিজ্য সংগঠন ও পাঁচটি সরকারি-বেসরকারি সংস্থার মাধ্যমে ২০১৮ সালের মধ্যে দুই লাখ ৬০ হাজার ব্যক্তিকে কর্মমুখী প্রশিক্ষণ দেয়ার কাজ এগিয়ে চলছে। বিজিএমইএ ২০১৫ সালের এপ্রিলে সিপ প্রকল্পের সঙ্গে যুক্ত হয়ে বিজিএমইএ-সিপ নামে প্রশিক্ষণ কর্মসূচি শুরু করে। পোশাক কারখানাগুলোর চাহিদা অনুযায়ী এ প্রকল্পে ২০১৮ সালের মধ্যে ৪৩ হাজার ৮০০ লোককে ১৫টি বিষয়ের ওপর প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা ঠিক করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০ E-mail: jugantor.mail@gmail.com

Print

